**TDC (CBCS) Odd Semester Exam., 2020**
**held in March, 2021**

SATYA RANJAN COLLEGE ESTD 1980 KALAIN, CACHAR

# BENGALI

( 3rd Semester )

Course No. : BNGDSC/BNGGE-301T

( বাংলা ভাষাতত্ত্ব )

পূর্ণমান : ৭০
উত্তীর্ণ মান : ২৮

সময় : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে কোনো কুড়িটি প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×২০=২০

১। কোন্ ভাষাবংশ থেকে ভারতীয় আর্যভাষার সৃষ্টি হয়েছে?

২। মধ্য ভারতীয় আর্যভাষার একটি নিদর্শন উল্লেখ করো।

৩। অশোকানুশাসনের ভাষার কয়টি আঞ্চলিক রূপ ছিল?

WWW.SRCOLLEGE.AC.IN

৪। নব্য ভারতীয় আর্যভাষার কালসীমা উল্লেখ করো।

৫। 'ঋগ্বেদ সংহিতা' ভারতীয় আর্যভাষার কোন্ স্তরের নিদর্শন?

৬। ভারতীয় আর্যভাষার কয়টি স্তর রয়েছে?

৭। বাংলা ছাড়া মাগধী প্রাকৃত থেকে আগত একটি নব্য ভারতীয় আর্যভাষার নাম লেখো।

৮। পালি ভাষা ভারতীয় আর্যভাষার কোন্ স্তরে পাওয়া যায়?

৯। বাংলা ভাষার ইতিহাসকে কয়টি যুগে ভাগ করা হয়েছে?

১০। আদি মধ্যযুগের বাংলা ভাষার সাহিত্যিক নিদর্শন কোনটি?

১১। আদি মধ্য বাংলার কালসীমা উল্লেখ করো।

১২। অভিশ্রুতি বাংলা ভাষার কোন্ স্তরে লক্ষ্য করা যায়?

১৩। ভণতি > ভনই—এটি কোন্ যুগের বাংলা ভাষার বৈশিষ্ট্য?

১৪। আধুনিক বাংলা স্তরের একটি বৈশিষ্ট্য লেখো।

১৫। প্রাচীন বাংলায় অপাদান কারকে 'এ' বিভক্তি প্রয়োগের একটি দৃষ্টান্ত দাও।

১৬। অন্ত্য-মধ্য বাংলায় কর্মকারকে 'কে' বিভক্তি প্রয়োগের একটি দৃষ্টান্ত দাও।

১৭। মানুষের উচ্চারিত, অর্থবহ, বহুজনবোধ্য ধ্বনিসমষ্টিকে কী বলা হয়?

১৮। বাংলা ভাষার কয়টি উপভাষা রয়েছে?

১৯। সন্ধ্যাভাষার একটি বৈশিষ্ট্য লেখো।

২০। বঙ্গালী উপভাষার একটি বৈশিষ্ট্য লেখো।

২১। পাত্র > বর—এটি শব্দার্থ পরিবর্তনের কোন্ ধারা?

২২। অর্থবিস্তারের একটি দৃষ্টান্ত লেখো।

২৩। শব্দার্থ পরিবর্তনের একটি কারণ লেখো।

২৪। অর্থসংকোচের একটি উদাহরণ দাও।

২৫। একাধিক পদ মিলিত হয়ে যখন একটি সম্পূর্ণ ভাব প্রকাশ করে তখন সেই শব্দসমষ্টিকে কী বলা হয়?

২৬। আদি স্বরলোপের একটি উদাহরণ দাও।



WWW.SRCOLLEGE.AC.IN

২৭। তালব্যীভবনের একটি দৃষ্টান্ত লেখো।

২৮। ঐতিহ্যগত ব্যাকরণে বাক্যকে কয়টি অংশে ভাগ করা হয়েছে?

২৯। বাংলা ভাষায় পদক্রমের মূল সূত্রটি লেখো।

৩০। বাক্যের 'বিধেয়' বলতে কী বোঝায়?

৩১। ধ্বনি পরিবর্তনের একটি কারণ লেখো।

৩২। অপিনিহিতির একটি দৃষ্টান্ত দাও।

৩৩। কর্মকারকে শূন্য বিভক্তির একটি দৃষ্টান্ত দাও।

৩৪। অপাদানে সাধারণত যে দুটি অনুসর্গ ব্যবহৃত হয় সেগুলি কী কী?

৩৫। এ কলমে ভালো লেখা যায় না।

নিম্নরেখ শব্দটি কোন্ কারকের দৃষ্টান্ত?

৩৬। ঘরেতে ভ্রমর এলো গুনগুনিয়ে।

নিম্নরেখ শব্দটির কারক নির্ণয় করো।



WWW.SRCOLLEGE.AC.IN

৩৭। 'দশ আনন যাহার'—এই ব্যাসবাক্যটি কোন্ সমাসের দৃষ্টান্ত?

৩৮। 'সিংহাসন'—এই সমস্তপদের ব্যাসবাক্যটি লেখো।

৩৯। দ্বিগু সমাসের একটি উদাহরণ দাও।

৪০। তৎপুরুষ সমাসের সংজ্ঞা লেখো।

## SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

৪১। ইন্দো-ইরানীয় ভাষাগোষ্ঠী কতগুলি শাখায় বিভক্ত? সেগুলি কী কী?

৪২। প্রচিন ভারতীয় আর্যভাষায় প্রত্যয়ের রূপ কয়টি ছিল? সেগুলি কী কী?

৪৩। 'চর্যাপদ'-এর ভাষাকে 'সন্ধ্যাভাষা' বলার দুটি কারণ উল্লেখ করো।

৪৪। অন্ত্য-মধ্য বাংলার দুটি সাহিত্যিক নিদর্শন-এর উল্লেখ করো।

৪৫। 'রাঢ়ী' উপভাষার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৪৬। শব্দার্থ পরিবর্তনের দুটি উদাহরণ দাও।

৪৭। সুভাষণ রীতির সংজ্ঞাসহ একটি উদাহরণ দাও।



WWW.SRCOLLEGE.AC.IN

৪৮। আদর্শ বাক্যগঠনের প্রধান শর্ত কয়টি ও কী কী?

৪৯। করণকারকে দুটি ভিন্ন ভিন্ন বিভক্তি প্রয়োগের দৃষ্টান্ত দাও।

৫০। অব্যয়ীভাব সমাস কাকে বলে? একটি দৃষ্টান্ত দাও।

## SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

৫১। মধ্য ভারতীয় আর্যভাষার লক্ষণগুলি উদাহরণসহ লেখো।

৫২। নব্য ভারতীয় আর্যভাষা-পর্বের বাংলা ভাষার প্রধান বৈশিষ্ট্যগুলি লেখো।

৫৩। প্রাচীন বাংলা স্তরের প্রধান বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহযোগে লিপিবদ্ধ করো।

৫৪। আদি মধ্য বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ লেখো।

৫৫। সংজ্ঞা ও উদাহরণ সহযোগে অর্থবিস্তার ও অর্থসংকোচ বিষয়ে আলোচনা করো।

৫৬। বঙ্গালী উপভাষার প্রধান বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও।



WWW.SRCOLLEGE.AC.IN

৫৭। গঠন প্রকৃতি অনুসারে বাক্যকে কয়টি শ্রেণিতে ভাগ করা হয়, সেগুলি কী কী? উদাহরণসহ যে কোনো দুটি ভাগের বিষয়ে আলোচনা করো।

৫৮। ধ্বনি পরিবর্তনের প্রধান সূত্রগুলির সোদাহরণ পরিচয় দাও।

৫৯। দ্বন্দ্ব সমাসকে যে কয়টি উপ-শ্রেণিতে বিভক্ত করা হয়েছে, সংজ্ঞা ও উদাহরণসহ সেগুলির পরিচয় দাও।

৬০। কারক কাকে বলে? কর্ম ও কর্তৃকারকে বিভিন্ন বিভক্তির ব্যবহারের পরিচয় দাও।

★★★



WWW.SRCOLLEGE.AC.IN